বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর, জাতীয় স্কাউট ভবন
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০

পত্র নং- বাঃ স্কাঃ (প্রোগ্রাম)/১৪০৭(৯০)/১৬ তারিখ: ২৮ পৌষ, ১৪২২

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে ১১ জানুয়ারি ২০১৬

সম্পাদক
বাংলাদেশ স্কাউটস
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/কুমিল্লা/দিনাজপুর/রেলওয়ে এবং নৌ অঞ্চল

বিষয়: **বাংলাদেশ স্কাউটসের ২০১৩ এবং ২০১৪ সালের শাপলা কাব অ্যাওয়ার্ড বিতরণ অনুষ্ঠানে যোগদান সম্পর্কীয়।**

মহোদয়,

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২২- ২৭ জানুয়ারি,২০১৬ পর্যন্ত অষ্টম জাতীয় কাব ক্যাম্পুরী জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাক, গাজীপুরে অনুষ্ঠিত হবে। **আগামী ২৩ জানুয়ারি ২০১৬(১০ মাঘ ১৪২২ বাংলা) শনিবার সকাল ১০.৩০ মিনিটে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা অষ্টম জাতীয় কাব ক্যাম্পুরীর শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।** অষ্টম জাতীয় কাব ক্যাম্পুরীর উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ স্কাউটসের ২০১৩ এবং ২০১৪ সালের শাপলা কাব অ্যাওয়ার্ড প্রাপ্তির যোগ্যতা অর্জনকারী কাব স্কাউটদের (৩১৩ জন + ৫৩৮ জন = ৮৫১ জনের) মধ্যে অ্যাওয়ার্ড বিতরণ করা হবে। ২০১৩ এবং ২০১৪ সালের শাপলা কাব অ্যাওয়ার্ড প্রাপ্তির যোগ্যতা অর্জনকারীদের কাব স্কাউটদের অবহিত করার জন্য তাদের নামের তালিকা এই সাথে পাঠানো হল। উক্ত অ্যাওয়ার্ড বিতরণ অনুষ্ঠানে অঞ্চল কর্তৃক ইতোপূর্বে প্রেরীত তালিকার ভিত্তিতে প্রত্যেক অ্যাওয়ার্ড প্রার্থীর সাথে একজন অভিভাবক (কেবল পিতা/মাতা) অথবা সংশ্লিষ্ট ইউনিটের একজন ইউনিট লিডার অংশগ্রহণ করতে পারবেন।

২। **অ্যাওয়ার্ড প্রার্থীগণকে আগামী ২৩ জানুয়ারি ২০১৬ শনিবার সকাল ৮-৩০ মিনিটের মধ্যে "জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাক, গাজীপুরে" রিপোর্ট করতে হবে। জাতীয় সদর দফতর/মৌচাক প্রশিক্ষণ কেন্দ্রে কোন আবাসন সুবিধা প্রদান করা সম্ভব হবেনা। নিজ ব্যবস্থাপনায় সকলকে ক্যাম্পুরীস্থলে আসতে হবে। অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে অংশগ্রহণকারী সকলকে সকালের নাস্তা এবং দুপুরের খাবার সরবরাহ করা হবে।**

৩। **অ্যাওয়ার্ড বিতরণ অনুষ্ঠানে যোগদানের জন্য প্রত্যেক অ্যাওয়ার্ডীকে কালো জুতাসহ পরিপাটি কাব স্কাউট পোশাকে উপস্থিত হবে।** জাতীয় সদর দফতর থেকে এই অনুষ্ঠানে যোগদানের জন্য কোন যাতায়াত ভাতা প্রদান করা হবে না। তবে সংশ্লিষ্ট অঞ্চল বা জেলার তহবিল থেকে অ্যাওয়ার্ড বিতরণ অনুষ্ঠানে যোগদানকারীদের প্রকৃত যাতায়াত ভাতা প্রদান করা যেতে পারে।

উপরিউক্ত অবস্থার প্রেক্ষাপটে শাপলা কাব অ্যওয়ার্ড বিতরণ অনুষ্ঠানটি সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে বাস্তবায়নের স্বার্থে অ্যাওয়ার্ড প্রার্থীসহ তালিকাভুক্ত সকলকে অবহিতকরণ ও যথাসময়ে উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানাই।

শ্রদ্ধান্তে,

(মুহাম্মদ আবু সালেক)
পরিচালক (প্রোগ্রাম)
বাংলাদেশ স্কাউটস
ফ্যাক্সঃ ০২-৯৩৪২২২৬
মোবাইলঃ ০১৭১২-২৬৬৭৮০

সংযুক্তি: ১। ২০১৩ এবং ২০১৪ সালের শাপলা কাব অ্যাওয়ার্ড প্রার্থীদের নামের তালিকা।

বিতরণঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। আঞ্চলিক উপ কমিশনার (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস,ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/কুমিল্লা/দিনাজপুর ও রেলওয়ে অঞ্চল
২। আঞ্চলিক পরিচালক/ উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/ সিলেট/কুমিল্লা/ দিনাজপুর/রেলওয়ে, নৌ এবং এয়ার অঞ্চল
৩। সম্পাদক,বাংলাদেশ স্কাউটস, ঢাকামেট্রোঃ/নারায়ণগঞ্জ/গাজীপুর/মানিকগঞ্জ/শরিয়তপুর/মাদারীপুর/ময়মনসিংহ/কিশোরগঞ্জ/নেত্রকোনা শেরপুর/ ফরিদপুর / জামালপুর/চট্টগ্রাম মেট্রোঃ/ চট্টগ্রাম/রাঙামাটি/রাজশাহী/ পাবনা/সিরাজগঞ্জ/নওগাঁ/বগুড়া/জয়পুরহাট/ খুলনা/বাগেরহাট/যশোর/ঝিনাইদহ/মেহেরপুর/নড়াইল ঝালকাঠি/পিরোজপুর/বরিশাল/সিলেট/মৌলভীবাজার সুনামগঞ্জ/হবিগঞ্জ/ কুমিল্লা/ চাঁদপুর/বি-বাড়ীয়া/নোয়াখালী/লক্ষ্মীপুর/ ফেনী/রংপুর/ পার্বতীপুর ও লালমনিরহাট রেলওয়ে জেলা এবং ঢাকা জেলা নৌ
৪। সহকারী পরিচালক/ উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা/ময়মনসিংহ/জামালপুর/ফরিদপুর/চট্টগ্রাম/বগুড়া/খুলনা/পটুয়াখালী/ মৌলভী বাজার/নোয়াখালী এবং দিনাজপুর।

সদয় জ্ঞাতার্থে:

১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস
২। জাতীয় কমিশনার (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস
৩। নির্বাহী পরিচালক, (ভারপ্রাপ্ত), বাংলাদেশ স্কাউটস
৪। জাতীয় উপ কমিশনার (প্রোগ্রাম),সকল, বাংলাদেশ স্কাউটস
৫। আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সংশ্লিষ্ট সকল অঞ্চল।